কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪২ সংখ্যা ১২ কলকাতা বুধবার, ২০ অক্টোবর ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩ কার্তিক ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

আরও চাকরির খবর ভেতরের পাতায়

### শুভ বিজয়া



'কর্মক্ষেত্র'র পাঠক, লেখক, বিজ্ঞাপনদাতা, বিক্রেতা ও শুভানুধ্যায়ী সকলকে বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানাই।

## ভারতীয় নৌবাহিনীতে ২৫০০

নাবিক পদে ২,৫০০ জনকে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস-ফেব্রুয়ারি ২০২২ ব্যাচে। কোর্স শুরু হবে ২০২২-এর ফেব্রুয়ারিতে। কেবলমাত্র অবিবাহিত পুরুষরা আবেদন করতে পারবেন।

**শূন্যপদের বিন্যাস:** আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ৫০০টি, সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস ২,০০০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ১-২-২০০২ থেকে ৩১-১-২০০৫-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। দৃষ্টিশক্তি চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, মৃগীরোগ থাকলে এবং কোনও মানসিক অসুস্থতায় ভুগে থাকলে, হৃদযন্ত্রের রোগ থাকলে, কানে কোনও সংক্রমণ থাকলে বা চোখের অপারেশন হয়ে থাকলে চলবে না।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় থাকবে ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞান বিষয়ে উচ্চমাধ্যমিক স্তরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন। ইংরেজি ও

এরপর দুয়ের পাতায়

## স্টেট ব্যাঙ্কে ২০৫৬ প্রবেশনারি অফিসার

প্রবেশনারি অফিসার পদে ২,০৫৬ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। প্রবেশনের মেয়াদ ২ বছর। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/ PO/ 2021-22/18.

**শূন্যপদের বিবরণ:** মোট শূন্যপদ ২,০৫৬টি (সাধারণ ৮১০, তফসিলি জাতি ৩২৪, তফসিলি উপজাতি ১৬২, ও বি সি ৫৬০, আর্থিক ভাবে অনগ্রসর ২০০)। এর মধ্যে ২০টি শূন্যপদ চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী, ২১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, ৫৬টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ২৯টি শূন্যপদ একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও

এরপর দুয়ের পাতায়

## ফুড সেফটিতে ২১৪

বিভিন্ন পদে ২১৪ জনকে নেবে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে টেকনিক্যাল অফিসার, সেন্ট্রাল ফুড সেফটি অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DR-04/2021.

**শূন্যপদের বিবরণ:** টেকনিক্যাল অফিসার: শূন্যপদ ১২৫টি (সাধারণ

এরপর তিনের পাতায়

## পশ্চিম-মধ্য রেলে ২২২৬ ট্রেড অ্যাপ্রেন্টিস

২,২২৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ওয়েস্ট সেন্ট্রাল রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে জব্বলপুর, ভোপাল, কোটা-সহ বিভিন্ন ডিভিশন এবং ওয়ার্কশপে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 02/2021 Act Apprentice.

**আসনসংখ্যার বিবরণ: জব্বলপুর ডিভিশন:** ডিজেল মেকানিক: ৩০টি। ইলেক্ট্রিশিয়ান: ১৬০টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩০টি। মেশিনিস্ট: ৫টি। ফিটার: ১৪০টি। টার্নার: ৫টি। ওয়্যারম্যান: ১৫টি। ম্যাসন (বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাক্টর): ১৫টি। কার্পেন্টার: ১৫টি। পেইন্টার (জেনারেল): ১০টি। গার্ডেনার: ৪টি। ফ্লোরিস্ট অ্যান্ড ল্যান্ডস্কেপিং: ৪টি। পাম্প অপারেটর-কাম-মেকানিক: ২০টি। হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট: ৫টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ৫টি। ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স: ৫টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৫০টি। স্টেনোগ্রাফার (হিন্দি): ৭টি। স্টেনোগ্রাফার (ইংলিশ): ৮টি। অ্যাপ্রেন্টিস ফুড প্রোডাকশন (জেনারেল): ২টি। অ্যাপ্রেন্টিস ফুড প্রোডাকশন (ভেজিটেরিয়ান): ২টি। অ্যাপ্রেন্টিস ফুড প্রোডাকশন (কুকিং): ৫টি। হোটেল ক্লার্ক/ রিসেপশনিস্ট: ১টি। ডিজিটাল ফটোগ্রাফার: ১টি। অ্যাসিস্ট্যান্ট ফ্রন্ট অফিস ম্যানেজার: ১টি। কম্পিউটার নেট ওয়ার্কিং টেকনিশিয়ান: ৪টি। ক্রেশ ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট: ১টি। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৪টি। হাউস কিপার: ৭টি। হেলথ স্যানিটারি ইনস্পেক্টর: ২টি।

এরপর তিনের পাতায়

## আই বি পি এস-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৫৮৩০ ক্লার্ক

### আবেদনের শেষ তারিখ ২৭ অক্টোবর

ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের মাধ্যমে ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে (সি আর পি ক্লার্কস-ইলেভেন ফর ভেকেন্সিজ অব ২০২২-২৩) পুনরায় আবেদন করা যাচ্ছে। দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in. আবেদনের শেষ তারিখ ২৭ অক্টোবর। উল্লেখ্য, কর্মক্ষেত্র-র ১৪ জুলাই সংখ্যায় '১১ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৫৮৩০ ক্লার্ক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত যাবতীয় তথ্য বিশদে প্রকাশিত হয়েছিল।

সংস্থার তরফে জানানো হয়েছে যে, জুলাইয়ে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে যাঁরা ১২ থেকে ১৪ জুলাইয়ের মধ্যে আবেদন করেছিলেন তাঁদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই।

দেশ জুড়ে এই নিয়োগের জন্য প্রিলিমিনারি পরীক্ষা হবে ডিসেম্বরে এবং মেন পরীক্ষা হবে জানুয়ারি/ফেব্রুয়ারিতে। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পূর্ব-মধ্য রেলে ২২০৬ ট্রেড অ্যাপ্রেন্টিস

২,২০৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইস্ট সেন্ট্রাল রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে দানাপুর, ধানবাদ, মোগলসরাই-সহ বিভিন্ন ডিভিশন এবং ওয়ার্কশপে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRC/ECR/HRD/Act. App./ 2021-22.

**আসনসংখ্যার বিবরণ: দানাপুর ডিভিশন:** ফিটার: ২০১টি। ওয়েল্ডার: ৮টি। মেকানিক (ডিজেল): ৩৭টি। রেফ্রিজারেশন অ্যান্ড এসি মেকানিক: ৭৫টি। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ২৪টি। কার্পেন্টার: ৯টি। ইলেক্ট্রনিক মেকানিক: ১৪২টি। পেইন্টার (জেনারেল): ৭টি। ইলেক্ট্রিশিয়ান: ১৪৬টি। ওয়্যারম্যান: ২৬টি।

**ধানবাদ ডিভিশন:** ফিটার: ৪১টি। টার্নার: ২৩টি। মেশিনিস্ট: ৭টি। কার্পেন্টার: ৪টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৪৪টি। মেকানিক ডিজেল (ফিটার): ১৫টি। ওয়্যারম্যান: ২২টি।

**পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় প্লান্ট ডিপো:** ফিটার: ৫৮টি। মেশিনিস্ট: ১৩টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১৩টি। ইলেক্ট্রিশিয়ান: ৫টি। মেশিনিস্ট/গ্রাইন্ডার: ১৫টি। টার্নার: ১৩টি। মেকানিক মোটর ভেহিক্যল: ৯টি। মেকানিক (ডিজেল): ৯টি।

**সমস্তিপুর ডিভিশন:** ফিটার: ১৬টি। টার্নার: ৫টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৫টি। ইলেক্ট্রিশিয়ান: ১২টি। ইলেক্ট্রনিক্স/মেকানিক্যাল: ১২টি। পেইন্টার/জেনারেল: ২টি। কার্পেন্টার: ২টি। মেকানিক (ডিজেল): ২২টি। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট: ৫টি।

**পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ডিভিশন:** ফিটার: ৪৯১টি। মেশিনিস্ট: ৪টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ২৪টি। ইলেক্ট্রিশিয়ান: ৩৯টি। মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স: ২টি। টার্নার: ৬টি। ওয়্যারম্যান: ৬৯টি। মেকানিক

এরপর সাতের পাতায়

## ভারতীয় নৌবাহিনীতে আরও ৩০০ নাবিক

৩০০ জন নাবিক নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে শেফ, হাইজিনিস্ট এবং স্টুয়ার্ড পদে। ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে ম্যাট্রিক রিক্রুট-এপ্রিল ব্যাচে। কোর্স শুরু হবে ২০২২-এর এপ্রিলে। কেবলমাত্র অবিবাহিত পুরুষরা আবেদন করতে পারবেন।

**মোট শূন্যপদ:** ৩০০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:** জন্মতারিখ হতে হবে ১-৪-২০০২ থেকে ৩১-৩-২০০৫-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫৭ সেমি, উচ্চতার সঙ্গে মানানসই ওজন ও বুকের ছাতি থাকতে হবে। বুকের ছাতি

এরপর সাতের পাতায়

## আর্মিতে উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে টেকনিক্যাল শাখায় ৯০ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে পার্মানেন্ট কমিশনে। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-মেন, ২০২১ পরীক্ষা দিয়ে থাকতে হবে। ১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪৬তম কোর্সে ট্রেনিং শুরু হবে ২০২২-এর জানুয়ারিতে।

**মোট শূন্যপদ:** ৯০টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্সে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ, সেইসঙ্গে জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-মেন, ২০২১ পরীক্ষা দিয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২২ তারিখে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯-এর মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৫-এর মধ্যে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের ভোপাল বা বেঙ্গালুরু বা কাপুরথালা বা এলাহাবাদে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউতে ডাকা হবে। ইন্টারভিউয়ের পাশাপাশি সাইকোলজিক্যাল টেস্ট ও গ্রুপ টেস্টও

এরপর দুয়ের পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ৪৬৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

দেশ জুড়ে ৪৬৯ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে পাঁচটি রিজিয়নে টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল ট্রেডে ১২ থেকে ১৫ মাসের ট্রেনিং দেওয়া হবে ট্রেড অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডেটা এন্ট্রি অপারেটর, হিউম্যান রিসোর্স-সহ বিবিধ ক্যাটেগরিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: PL/HR/ ESTB/APPR-2021.

**রাজ্য ও ট্রেড অনুসারে আসনবিন্যাস: ওয়েস্টার্ন রিজিয়ন পাইপলাইনস: গুজরাত:** পোস্ট কোড WRGJ01: মেকানিক্যাল: ২৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। পোস্ট কোড WRGJ02: ইলেক্ট্রিক্যাল: ২২টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। পোস্ট কোড WRGJ03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ২২টি (সাধারণ ১০, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। পোস্ট কোড WRGJ06: হিউম্যান রিসোর্স: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পোস্ট কোড WRGJ07: অ্যাকাউন্টস/ ফিনান্স: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পোস্ট কোড WRGJ09: ডেটা এন্ট্রি অপারেটর: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পোস্ট কোড WRGJ10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ২টি (সাধারণ ১, ও বি সি ১)।

**রাজস্থান:** পোস্ট কোড WRRJ01: মেকানিক্যাল: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড WRRJ02: ইলেক্ট্রিক্যাল: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। পোস্ট কোড WRRJ03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড WRRJ06: হিউম্যান রিসোর্স: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড WRRJ07: অ্যাকাউন্টস/ ফিনান্স: ৩টি (সাধারণ ১, ও বি সি ১,

এরপর পাঁচের পাতায়

## অ্যাটমিক মিনারেলসে ১১৭

বিভিন্ন পদে ১১৭ জন কর্মী নেবে অ্যাটমিক মিনারেলস ডিরেক্টোরেট ফর এক্সপ্লোরেশন অ্যান্ড রিসার্চ। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি, টেকনিশিয়ান-বি, আপার ডিভিশন ক্লার্ক, ড্রাইভার ও সিকিউরিটি গার্ড পদে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AMD-3/2021.

**শূন্যপদের বিবরণ:** সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি (জিওলজি): শূন্যপদ ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ জিওলজিতে বি এসসি। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি (কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি):** শূন্যপদ ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্সে বি এসসি বা ইলেক্ট্রনিক্স-সহ কম্পিউটার সায়েন্সে বি এসসি। অথবা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে

এরপর দুয়ের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**

প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, শপিংমলে কর্মী নিয়োগ। বেতন: (12,500/- – 18,500/-), M. J. S, Kol-9, (M): 90514-56985.

□

**জব গ্যারান্টি**

গঃ ভঃ R L No-6253 প্রাপ্ত Airport ও ব্যাঙ্কে অষ্টম ও স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 17,300/- – 47,500/-. থাকা খাওয়া ফ্রী। M: 62979-47504.

□

**7 দিনে স্পট জয়েনিং**

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন: 17,400/- – 45,300/-. থাকা-খাওয়া ফ্রী। M: 97349-70483.

□

**On Line ফর্ম ফিলাপ চলছে**

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে, 5G Tower-এ (অষ্টম-স্নাতক) M/F কর্মী নিচ্ছে। বেতন: 14,500/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রী। M: 97336-68729.

□

কর্মখালি

**এক ফোনে চাকরি**

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে M/F অষ্টম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। M: 83488-53587.

□

**জাহাজে ও ডকে স্থায়ী জব**

WB Kol-L/C NO WB AL 70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 237 জন M/F কর্মী নিয়োগ করানো হচ্ছে। Salary 18750/- – 44,500/-, থাকা খাওয়া-সহ অন্যান্য সুবিধা থাকবে। পুজোর মধ্যেও জয়েনিং চলবে। M: 97340-50025.

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

৩ নভেম্বরের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

# কানপুর আই আই টি-তে চাকরি

জুনিয়র টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট, জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট, জুনিয়র টেকনিশিয়ান-সহ বিভিন্ন পদে ৮৯ জনকে নেবে কানপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 1/2021.

**শূন্যপদের বিবরণ:** ডেপুটি রেজিস্ট্রার ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)।

অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার ৮টি (সাধারণ ৩, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

জুনিয়র টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট ১২টি (সাধারণ ৬, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৩, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

জুনিয়র সুপারিন্টেন্ডেন্ট ১৪টি (সাধারণ ৮, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

ফিজিক্যাল ট্রেনিং ইনস্ট্রাক্টর ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

জুনিয়র টেকনিশিয়ান ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, ও বি সি ১, ও বি সি-শ্রবণ সংক্রান্ত প্রতিবন্ধী ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ৩১টি (সাধারণ ১০, সাধারণ-অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, সাধারণ-দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitk.ac.in/Infocell/recruitment. দরখাস্তের শেষ তারিখ ১৬ নভেম্বর।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আর্মিতে উচ্চমাধ্যমিক

*প্রথম পাতার পর*

হবে। গোটা প্রক্রিয়া চলবে ৫ দিন ধরে। প্রথম ধাপে ব্যর্থ হলে সেদিনই ফেরত পাঠানো হবে। সফল প্রার্থীদের ডাকা হবে মেডিক্যাল এক্সামিনেশনের জন্য। প্রথম বার এই এন্ট্রিতে ইন্টারভিউ দিতে গেলে যাতায়াতের রেলভাড়া পাওয়া যাবে।

১০+২ টেকনিক্যাল এন্ট্রি স্কিমের ৪৬তম কোর্সে ট্রেনিং হবে। ট্রেনিংয়ের মোট মেয়াদ ৫ বছর। প্রথমে গয়ার অফিসার ট্রেনিং অ্যাকাডেমিতে এক বছরের ট্রেনিং, তারপর পুণে বা সেকেন্দ্রাবাদ বা মোহাউ-এ ৩ বছরের প্রি কমিশন ট্রেনিং এবং আরও এক বছরের পোস্ট কমিশন ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সেই সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৮ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর রোল নম্বর পাওয়া যাবে। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'টি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি প্রিন্ট আউট ইন্টারভিউয়ের সময় জমা দিতে হবে। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রেখে দেবেন।

ইন্টারভিউয়ে দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে নেবেন: ✓২০ কপি স্বপ্রত্যয়িত পাসপোর্ট মাপের ফটো। ✓বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট এবং মার্কশিটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓জে ই ই মেন, ২০২১-এর রেজাল্টের দু'কপি স্বপ্রত্যয়িত নকল। ✓সচিত্র পরিচয়পত্রের দু'কপি স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত মূল নথিপত্রগুলিও সঙ্গে নেবেন।

দৈহিক মাপজোক এবং দৃষ্টিশক্তি-সংক্রান্ত তথ্য-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# অ্যাটমিক মিনারেলসে ১১৭

*প্রথম পাতার পর*

থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি (ফিজিক্স):** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্সে বি এসসি (অনার্স)। অথবা ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা জিওলজি-সহ বি এসসি। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি (কেমিস্ট্রি):** শূন্যপদ ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিস্ট্রিতে বি এসসি (অনার্স)। অথবা কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, ফিজিক্স বা কেমিস্ট্রি, জিওলজি, ফিজিক্স বা কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, জিওলজি-সহ বি এসসি। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি (ফিজিক্স/ইলেক্ট্রনিক্স/ইনস্ট্রুমেন্টেশন):** শূন্যপদ ৪টি (সাধারণ ২, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডে অন্তত এক বছর মেয়াদের আই টি আই বা এন সি ভি টি স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

**টেকনিশিয়ান-বি (ল্যাবরেটরি):** শূন্যপদ ১৪টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে কেমিক্যাল প্ল্যান্ট বা ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট-কেমিক্যাল প্ল্যান্ট ট্রেডে অন্তত এক বছর মেয়াদের আই টি আই বা এন সি ভি টি স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ২১,৭০০ টাকা।

**টেকনিশিয়ান-বি (ড্রিলিং):** শূন্যপদ ২০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে ডিজেল বা অটো মেকানিক বা মেকানিক-মোটর ভেহিক্যাল ট্রেডে অন্তত এক বছর মেয়াদের আই টি আই বা এন সি ভি টি স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ২১,৭০০ টাকা।

**আপার ডিভিশন ক্লার্ক:** শূন্যপদ ১৬টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা-সহ কম্পিউটার অ্যাপ্লিকেশন, ডেটা এন্ট্রি অ্যান্ড ডেটা প্রোসেসিংয়ের জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ২৫,৫০০ টাকা।

**ড্রাইভার (অর্ডিনারি গ্রেড):** শূন্যপদ ১৩টি (সাধারণ ৮, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। সেই সঙ্গে লাইট এবং হেভি মোটর ভেহিক্যালের ড্রাইভিং লাইসেন্স-সহ ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, মোটর মেকানিজম বিষয়ে জ্ঞান থাকতে হবে। দু'চাকার ড্রাইভিং লাইসেন্স থাকলে এবং ইংরেজি বা হিন্দি পড়তে ও রুটিন ফর্ম ফিল আপ করতে জানলে অগ্রাধিকার। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ১৯,৯০০ টাকা।

**সিকিউরিটি গার্ড:** শূন্যপদ ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। প্রাক্তন সমরকর্মীরা প্যারা মিলিটারি পার্সোনেল আর্মড ফোর্সেসের এক্স-পুলিশ এবং এক্স-সেন্ট্রাল সমতুল সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারবেন। **দৈহিক মাপজোক:** উচ্চতা ১৬৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি হতে হবে। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **শুরুতে বেতন:** ১৮,০০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৪-১০-২০২১ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। মোট ৩০০ নম্বর। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

টেকনিশিয়ান-বি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি টেস্ট, অ্যাডভান্সড টেস্ট এবং ট্রেড টেস্ট বা স্কিল টেস্টের মাধ্যমে। প্রিলিমিনারি টেস্টে ম্যাথমেটিক্স, সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ১৫০। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। অ্যাডভান্সড টেস্টে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। মোট ১৫০ নম্বর। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

আপার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (এরিথমেটিক) বিষয়ে। মোট নম্বর ৩০০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে ইংলিশ কম্প্রিহেনশন, প্রেসি রাইটিং, ইংলিশ গ্রামার, এসে রাইটিং, নোটিং, ড্রাফটিং বিষয়ে ১০০ নম্বরের ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন হবে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

ড্রাইভার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ড্রাইভিং টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় জেনারেল ইংলিশ ও হিন্দি, জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স, এলিমেন্টারি ম্যাথমেটিক্স ও ড্রাইভিং টেকনিকস অ্যান্ড মোটর কার মেকানিজম বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। মোট নম্বর ১০০। সময় ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই।

সিকিউরিটি গার্ডের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড় (মহিলাদের ক্ষেত্রে ২০ সেকেন্ডে), তিনটি সুযোগে ৩.৬৫ মিটার লং জাম্প (মহিলাদের ক্ষেত্রে ২.৭ মিটার)। এ ছাড়া চিন আপ, পুশ আপ ও সিট আপ থাকবে। মহিলাদের জন্য থাকবে শুধু সিট আপ। লিখিত পরীক্ষায় ৭৫ নম্বরের প্রশ্ন থাকবে কম্প্রিহেনশন, জেনারেল অ্যাওয়্যারনেস ও অ্যানালিটিক্যাল বা বেসিক ম্যাথমেটিক্স বিষয়ে। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.amd.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৪ অক্টোবর।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২০০ টাকা এবং বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারতীয় নৌবাহিনীতে ২৫০০

*প্রথম পাতার পর*

হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (ওঠ-বোস) এবং ১০টি পুশ-আপ।

ট্রেনিংয়ের মেয়াদ আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৯ সপ্তাহ এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটসের ক্ষেত্রে ২২ সপ্তাহ। বেসিক ট্রেনিং দেওয়া হবে আই এন এস চিলিকায়। এরপর হবে প্রফেশনাল ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১৪,৬০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে নাবিক পদে। তখন বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা, 'এক্স' গ্রুপ পে (শুধু আর্টিফিশার অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে) ৩,৬০০ টাকা। মাস্টার চিফ পেটি অফিসার-ওয়ান র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ২৫ অক্টোবর পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো-সহ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, ডোমিসাইল সার্টিফিকেট, এন সি সি সার্টিফিকেট (থাকলে) আপলোড করতে হবে। যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। প্রিন্ট আউট-সহ যাবতীয় নথিপত্রের মূল কপি ইন্টারভিউয়ের সময় সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্টেট ব্যাঙ্কে ২০৫৬ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩১-১২-২০২১ তারিখের মধ্যে সার্টিফিকেট দাখিল করতে হবে। চার্টার্ড বা কস্ট অ্যাকাউন্ট্যান্সি পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স: ১-৪-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৩৬,০০০-৬৩,৮৪০ টাকা।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন পরীক্ষা হবে দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষা নভেম্বর বা ডিসেম্বরে। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষা হবে ডিসেম্বরে। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৪০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০)। মোট সময়সীমা ৩ ঘণ্টা। উভয় ক্ষেত্রেই ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে। মেন পরীক্ষায় পাশ করলে ডেস্ক্রিপটিভ পরীক্ষার জন্য বিবেচিত হবেন। ডেস্ক্রিপটিভ পরীক্ষায় থাকবে ইংলিশ-লেটার রাইটিং অ্যান্ড এসে রাইটিং (৫০)। মোট সময়সীমা ৩০ মিনিট। উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউ নেওয়া হবে ফেব্রুয়ারিতে।

পরীক্ষা হবে দেশ জুড়ে বিভিন্ন কেন্দ্রে। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৫। প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, হুগলি ও কল্যাণী। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল: কলকাতা, হুগলি, কল্যাণী।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers, https://www.sbi.co.in/careers. দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্তের সময় আপলোড করতে হবে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), প্রার্থীর নিজের হাতে ইংরেজিতে লেখা ডিক্লারেশন (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইটগুলি।

# ফুড সেফটিতে ২১৪

প্রথম পাতার পর

৫০, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি, ফুড টেকনোলজি, ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফুড অ্যান্ড নিউট্রিশন, এডিবল অয়েল টেকনোলজি, মাইক্রোবায়োলজি, ডেয়ারি টেকনোলজি, এগ্রিকালচারাল সায়েন্স, হর্টিকালচারাল সায়েন্স, ইন্ডাস্ট্রিয়াল মাইক্রোবায়োলজি, টক্সিকোলজি, পাবলিক হেলথ, লাইফ সায়েন্স, বায়োটেকনোলজি, ফ্রুট অ্যান্ড ভেজিটেবল টেকনোলজি, ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্স— যে-কোনও একটি বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে অবশ্যই সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে এক বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা থাকা বাধ্যতামূলক। বিষয়গুলি হল: ফুড সেফটি, ফুড সায়েন্স, ফুড প্রোসেসিং, কোয়ালিটি অ্যাশিওরেন্স, ডায়েটেটিক অ্যান্ড পাবলিক হেলথ, নিউট্রিশন, ডেয়ারি সায়েন্স, বেকারি সায়েন্স, পোস্ট হার্ভেস্ট টেকনোলজি। নির্ধারিত বিষয়গুলির একটিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-সহ ফুড প্রোসেসিং টেকনোলজি, ফ্রুট অ্যান্ড ভেজিটেবল, মেডিসিন, ভেটেরিনারি সায়েন্স, ফিশারিজ বা অ্যানিম্যাল সায়েন্সে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। অথবা ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, বায়োটেকনোলজি, অয়েল টেকনোলজি, ফুড প্রোসেস ইঞ্জিনিয়ারিং, ফুড প্রোসেসিং টেকনোলজি, ফ্রুট অ্যান্ড ভেজিটেবল টেকনোলজি, ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্স— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক ডিগ্রি থাকতে হবে। মেডিসিন বা ভেটেরিনারি সায়েন্স বা ফিশারিজ বা অ্যানিম্যাল সায়েন্সে চার বছরের স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। গেট বা সি এস আই আর বা আই সি এ আর নেট পরীক্ষায় পাশ করে থাকলে অগ্রাধিকার।

**সেন্ট্রাল ফুড সেফটি অফিসার**: শূন্যপদ ৩৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, বায়োটেকনোলজি, অয়েল টেকনোলজি, এগ্রিকালচারাল সায়েন্স, ভেটেরিনারি সায়েন্স, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি— যে-কোনও একটিতে স্নাতক ডিগ্রি অথবা কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি। মেডিসিনে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**অ্যাসিস্ট্যান্ট**: শূন্যপদ ৩৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি।

**পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট**: শূন্যপদ ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ড এবং ইংলিশে মিনিটে ৪০টি শব্দ (হিন্দিতে ৩৫টি শব্দ) টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। এম এস অফিস ও ইন্টারনেট বিষয়ে জ্ঞান থাকতে হবে। অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্রসিডিওরে ডিপ্লোমা বা সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

**বয়স**: ১২-১১-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার বেসড টেস্টের (টেকনিক্যাল অফিসার ও সেন্ট্রাল ফুড সেফটি অফিসার পদের ক্ষেত্রে দু'টি পর্যায়ে) মাধ্যমে। পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে অতিরিক্ত শর্টহ্যান্ড ও টাইপিং টেস্ট হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল, হুগলি, কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fssai.gov.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১২ নভেম্বর। ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পশ্চিম-মধ্য রেলে ২২২৬ ট্রেড অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২টি। মেটেরিয়াল হ্যান্ডলিং ইকুইপমেন্ট মেকানিক-কাম-অপারেটর: ৫টি।

**ভোপাল ডিভিশন**: এ সি মেকানিক: ৯টি। ব্ল্যাকস্মিথ: ১৬টি। কম্পিউটার অপারেটর-কাম-প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৬০টি। কেবল জয়েন্টার: ৩টি। কার্পেন্টার: ২৫টি। ডিজেল মেকানিক: ৪২টি। ড্রাফটসম্যান (সিভিল): ১০টি। ইলেক্ট্রিশিয়ান: ১৯৪টি। ইলেক্ট্রনিক মেকানিক: ৯টি। ফিটার: ১২৬টি। মেশিনিস্ট: ১০টি। ম্যাসন: ২৩টি। পেইন্টার: ১৮টি। স্টেনোগ্রাফার (হিন্দি): ৭টি। স্টেনোগ্রাফার (ইংলিশ): ৭টি। সার্ভেয়র: ৯টি। ওয়েল্ডার: ৫৬টি। ওয়্যারম্যান: ২৪টি।

**কোটা ডিভিশন**: ইলেক্ট্রিশিয়ান: ১০৭টি। ফিটার: ১১০টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩৩টি। পেইন্টার জেনারেল: ৫৮টি। ম্যাসন: ৫৮টি। কার্পেন্টার: ৬২টি ইলেক্ট্রনিক্স: ৪৬টি। প্লাম্বার: ৫৮টি। ব্ল্যাকস্মিথ: ৫৮টি। ওয়্যারম্যান: ২৮টি। কম্পিউটার অপারেটর-কাম-প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ২০টি। মেশিনিস্ট: ১০টি। টার্নার: ২টি। ড্রাফটসম্যান: ৩টি। স্টেনোগ্রাফার (হিন্দি) ৫টি। স্টেনোগ্রাফার (ইংলিশ): ৫টি।

**কোটা ওয়ার্কশপ**: ফিটার: ৭০টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৬৬টি। কম্পিউটার অপারেটর-কাম-প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৩টি। পেইন্টার: ১১টি। মেশিনিস্ট: ১০টি।

**ভোপাল ওয়ার্কশপ**: ফিটার: ৪৫টি। কম্পিউটার অপারেটর-কাম-প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৮টি। ড্রাফটসম্যান মেকানিক্যাল: ১টি। ড্রাফটসম্যান সিভিল: ১টি। কার্পেন্টার: ২০টি। সিউয়িং টেকনোলজি (কাটিং অ্যান্ড টেলরিং): ৫টি। প্লাম্বার: ৮টি। ওয়েল্ডার: ২৮টি। পেইন্টার (জেনারেল): ৬টি। ইন্ডাস্ট্রিয়াল পেইন্টার: ৪টি। মেকানিক (মোটর ভেহিক্যল): ৪টি। মেকানিক (ডিজেল): ৫টি। মেকানিক (ট্রাক্টর): ২টি। মেশিনিস্ট: ২টি। টার্নার: ৩টি। স্টেনোগ্রাফার-কাম-সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (হিন্দি): ৩টি। স্টেনোগ্রাফার-কাম-সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ): ৩টি।

**জব্বলপুর ডিভিশন**: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১৪টি। স্টেনোগ্রাফার (হিন্দি): ৬টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স**: ১-১-২০২২ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wcr.indianrailways.gov.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১০ নভেম্বর।

অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে এই সব নথিপত্র— ✓প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো ও সই (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, ✓ট্রেড সার্টিফিকেট, ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ বা সার্ভিং সার্টিফিকেট, ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে)।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি জমা দিতে পারবেন ই-ওয়ালেট বা ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


THE WEST BENGAL NATIONAL UNIVERSITY OF JURIDICAL SCIENCES
RECRUITMENT NOTICE – 2/2021

Applications are invited for the following contractual positions **except** Controller of Examinations: **Professor** – Pay Scale: Rs. 1,44,200 – Rs. 2,18,200 – **01 post Unreserved; Associate Professor** – Pay Scale: Rs. 1,31,400 – Rs. 2,17,100 – **02 posts Unreserved, 01 post for SC, 01 post for ST; Assistant Professor** – Pay Scale: Rs. 79,800 – Rs. 2,11,500 – **05 posts Unreserved, 02 posts for SC, 01 post for ST, 01 post each for OBC – A & OBC - B; Research Fellow** – **Pay:** Rs. 31,000 + HRA – **04 posts Unreserved; Adjunct Faculty (Panel)** – Pay Honorarium Rs. 3000 per one year class –Unreserved; **Guest Faculty** – Pay: Rs. 35,000 per month (consolidated pay) – **05 posts Unreserved; Controller of Examinations – Regular Permanent Post - Pay Scale:** Rs. 1,44,200 – Rs. 2,18,200 – **01 post Unreserved**. Details for **Service Conditions & Essential Qualifications, Specialization** and other details visit **www.nujs.edu**

**Application Form** shall be downloaded from the website to be filled in and emailed to **recruitment2021@nujs.edu**. In addition to the application form, a Google form shall also be filled in and submitted.

**Last date of receiving** application with all relevant documents including payment of **Rs. 2000/-** has been extended from 30.09.2021 to **30.10.2021**.



MICA PGP (PGDM-C/PGDM)
ADMISSIONS OPEN
MICAT 1 ADMISSION TEST FOR 2022-2024
APPLICATION LAST DATE
NOV 20, 2021
MICA PGP Offers Specializations in:
- Advertising & Brand Management
- Digital Communication Management
- Marketing Analytics
- Media & Entertainment Management

Admissions open for MICA's CCC and FPM programmes
www.mica.ac.in
MICA THE SCHOOL OF IDEAS
WHERE MANAGEMENT MEETS CREATIVITY



ইন্সটিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন
INSTITUTE OF BANKING PERSONNEL SELECTION
IBPS
Website: www.ibps.in
In case of queries/complaints please log in to https://cgrs.ibps.in/

**COMMON RECRUITMENT PROCESS FOR RECRUITMENT OF CLERKS IN PARTICIPATING BANKS(CRP CLERKS-XI for Vacancies of 2022-23)**

The online examination (Preliminary and Main) for the next Common Recruitment Process for selection of personnel for Clerical cadre Posts in the Participating Banks is tentatively scheduled in December 2021 & January 2022.

All the tests other than Test of English Language in Both Preliminary and Main Examinations will be available in 13 Regional Languages in addition to Hindi and English.

The tentative schedule of events is as follows:

| Activity | Tentative Dates |
|---|---|
| On-line registration including Edit/ Modification of Application by candidates | 07.10.2021 to 27.10.2021 |
| Payment of Application Fees/Intimation Charges (Online) | 07.10.2021 to 27.10.2021 |
| Download of call letters for Pre-Exam Training* | November 2021 |
| Conduct of Pre-Exam Training* | November 2021 |
| Download of call letters for Online examination - Preliminary | November/December 2021 |
| Online Examination - Preliminary | December 2021 |
| Result of Online exam - Preliminary | December 2021/ January 2022 |
| Download of Call letter for Online exam - Main | December 2021/ January 2022 |
| Online Examination – Main | January/February 2022 |
| Provisional Allotment | April 2022 |

* In case it is possible and safe to hold PET

Candidates are advised to regularly keep in touch with the authorised IBPS website www.ibps.in for details and updates.

The candidates who have already registered successfully for this process during July 12-14, 2021, need not apply again. Their earlier application will be considered for further process.

Before registering online candidates are advised to read the detailed notification carefully and follow the instructions mentioned therein.

Mumbai
Date: 06.10.2021 Director



SBI
ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ইমেল: crpd@sbi.co.in

**প্রবেশনারি অফিসারদের নিয়োগ**

যোগ্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে ভারতীয় স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদে নিয়োগের জন্য দরখাস্ত আবেদন আহ্বান করা হচ্ছে

শূন্যপদের সংখ্যা: 2056
(পূর্বে বকেয়া শূন্যপদ সহ)

যোগ্যতার মানদণ্ড (বয়স, যোগ্যতা, ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিবরণ, অনলাইনে আবেদন জমা দেওয়ার এবং অনলাইন ফি প্রদানের লিঙ্ক, ব্যাঙ্কের ওয়েবসাইটে পাওয়া যাবে https://bank.sbi/careers অথবা https://www.sbi.co.in/careers বিজ্ঞাপন সংখ্যা CRPD/PO/2021-22/18 প্রার্থীদের বিস্তারিত বিজ্ঞাপন মনোযোগ সহকারে পড়তে বলা হচ্ছে এবং আবেদন করার এবং ফি পাঠানোর আগে তাদের যোগ্যতা এবং অন্যান্য বিবরণের বিষয় নিশ্চিত হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

• অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 05.10.2021 থেকে 25.10.2021

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক (URL-https://bank.sbi/web/careers/post-your-query অথবা https://sbi.co.in/web/careers/postyour-query)-এ গিয়ে "CONTACT US" —> "Post Your Query"-এ লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 05.10.2021 মহাপ্রবন্ধক



IndianOil
CIN : L23201MH1959GOI011388

NOTIFICATION FOR ENGAGEMENT OF APPRENTICES UNDER THE APPRENTICES ACT 1961

Pipelines Division of Indian Oil Corporation Limited invites applications from eligible Indian Nationals for engagement of about 469 numbers of Technician Apprentices (Diploma holders in Engineering Mech/Elec/T&I) and Trade Apprentices(Assistant HR, Accountant, Data Entry Operator, Domestic Data Entry Operator) in states of Tamil Nadu, Karnataka, Andhra Pradesh, Odisha, Chattisgarh, Jharkhand, West Bengal, Bihar, Aasam, Uttar Pradesh, Gujarat, Rajasthan, Haryana, Himachal Pradesh, Punjab, Delhi and Uttrakhand.

Out of 469 seats, tentatively, the following reservation shall be provided SC-62, ST-34, OBC-96, EWS-39, PwBD-19. However, for exact number of vacancies & reservation, please refer to our detailed website notification at www.iocl.com or https://plapps.indianoil.in

Rate of stipend payable to apprentices per month shall be as prescribed under Apprentices Act, 1961/1973 / Apprentices Rules 1992 (as amended) and Corporation's guidelines. Selection process would consist of Written Test. The age of the candidates should be minimum 18 years and maximum 24 years as on cut-off date for eligibility which is 01.10.2021. IOCL will have no obligation to offer regular employment to apprentices. The last date for submission of online application at https://plapps.indianoil.in is 25.10.2021 by 1800 hrs.

All future announcements shall be published only in IOCL website at www.iocl.com and at https://plapps.indianoil.in It shall not be made available on any other website / medium. Candidates are advised to visit IOCL website from time to time for updates on the above notification.

Any discrepancy/ambiguity in the notification, on account of interpretation of Hindi & other Regional languages version, contents enumerated in English version of website notification in IndianOil website www.iocl.com shall prevail.


Advertisement No. : PL/HR/ESTB/APPR-2021

# কারেন্ট অ্যাফেয়ার্স

১০ সেপ্টেম্বর-১৯ সেপ্টেম্বর

**১০ সেপ্টেম্বর** ন্যাশনাল ইনস্টিটিউট অব র‍্যাঙ্কিং ফ্রেমওয়ার্কে (এনআইআরএফ)-এর সদ্য প্রকাশিত র‍্যাঙ্কিং তালিকায় বিরাট পতন ঘটল স্বাধীন ভারতের প্রথম কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বিশ্বভারতীর। ২৮ ধাপ নেমে দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলির ক্রমতালিকায় ৯৭তম স্থানে বিশ্বভারতী। শুধু তাই নয়, সারা দেশে যত বিশ্ববিদ্যালয় রয়েছে, সেই তালিকাতেও ১৪ ধাপ নেমে ৬৪তম স্থানে বিশ্বভারতী।

## সাংহাই বৈঠকে মৌলবাদের বিরুদ্ধে সরব মোদী



**১৭ সেপ্টেম্বর:** সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) ভার্চুয়াল বৈঠকে যোগ দিয়ে নিজের বক্তব্যে মৌলবাদকে নিশানা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। চিন ও পাকিস্তানকে পাশে রেখে মৌলবাদ ও কট্টরপন্থা নিয়ে তোপ দাগলেন তিনি। বৈঠকে কোনও দেশের নাম না করে বলেন, 'সব দেশেরই উচিত অন্য দেশের সার্বভৌমত্বকে সম্মান করা। এই মুহূর্তে গোটা বিশ্বের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ শান্তি এবং স্থিতাবস্থা বজায় রাখা। আর সেই শান্তি স্থাপনের ক্ষেত্রে মৌলবাদ আর কট্টরপন্থা সবচেয়ে বড় বাধা। আফগানিস্তানের দৃষ্টান্ত তো আমাদের হাতের সামনেই রয়েছে।' আফগান তালিবান সরকারকে চিন ও পাকিস্তান ইতিমধ্যেই সমর্থন করলেও ভারত এখনও সরাসরি সমর্থন করেনি তালিবানকে।

**১১ সেপ্টেম্বর** আগামী আর্থিক বছরের (২০২২-২৩) জন্য কেন্দ্রীয় সরকারের বেঁধে দেওয়া ফসলের ন্যূনতম সহায়ক মূল্যে অসন্তুষ্ট কৃষকদের সর্বভারতীয় কিষাণ সংগঠনগুলি দেশব্যাপী আন্দোলনের ডাক দিল। তাদের দাবি, মোদী সরকারের তরফে পরের আর্থিক বছরে রবি ফসলের যে এমএসপি ঘোষণা করা হয়েছিল তাতে স্বামীনাথন কমিশনের বেঁধে দেওয়া এমএসপি ফর্মুলা (সি-টু এবং তার উপরে ৫০ শতাংশ) অনুসরণ করা হয়নি। এই কারণেই কৃষকদের গম, বার্লি, সরষে ও সূর্যমুখীর মতো শস্য উৎপাদনে প্রতি কুইন্টালে ব্যাপক আর্থিক ক্ষতির মুখে পড়তে হতে পারে বলে দাবি করেছে কৃষক সংগঠনগুলি। অন্যদিকে, হরিয়ানায় ২৮ অগস্টের লাঠিচালনার ঘটনার তদন্ত-আশ্বাসে কার্নালে আন্দোলন প্রত্যাহার করতে রাজি হয়েছেন কৃষকরা। তবে, দিল্লি সীমানায় কৃষি আইনের বিরুদ্ধে যে ভাবে আন্দোলন চলছে, তা জারি থাকবে বলে জানিয়েছেন কৃষক নেতা রাকেশ টিকায়েত।

**১২ সেপ্টেম্বর** গুজরাটের নতুন মুখ্যমন্ত্রী হলেন পতিদার গোষ্ঠীর নেতা ও প্রাক্তন মুখ্যমন্ত্রী আনন্দীবেন প্যাটেলের বিশেষ ঘনিষ্ঠ ভূপেন্দ্র প্যাটেল। এদিন তাঁকেই পরিষদীয় দলের প্রধান হিসেবে বেছে নেওয়া হয়। প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপাণীই ভূপেন্দ্রর নাম প্রস্তাব করেন। ১৩ সেপ্টেম্বর তিনি শপথ নিয়েছেন। ভূপেন্দ্র একসময় আমেদাবাদে পুরসভা ও আমেদাবাদ নগরোন্নয়ন দপ্তরে কাজ করেছেন।

**১৩ সেপ্টেম্বর** পশ্চিমবঙ্গে বিনিয়োগে উৎসাহ দিতে বেসরকারি শিল্পতালুক তৈরির নীতি বেশ কিছুটা শিথিল করল রাজ্য মন্ত্রিসভা। কলকাতা মেট্রোপলিটন এলাকা-সহ হাওড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায় বেসরকারি উদ্যোগে শিল্পতালুক গড়তে চাইলে আর একবারে ২০ একর জমির প্রয়োজন নেই, পাঁচ একর থাকলেই হবে। এছাড়াও এখন থেকে এই সমস্ত বেসরকারি শিল্পপার্ক বা তালুকে ওয়্যারহাউস বা গুদাম, লজিস্টিক-সংক্রান্ত বিষয়, হিমঘর, পোল্ট্রি ও মৎস্য চাষ-সংক্রান্ত কর্মকাণ্ডও যুক্ত করা হবে।

**প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা কংগ্রেস নেতা** অস্কার ফার্নান্ডেজ (৮০) প্রয়াত হলেন। ১৯৮০ সালে কর্নাটকের উদুপি লোকসভা কেন্দ্র থেকে সাংসদ নির্বাচিত হন। ১৯৯৬ পর্যন্ত টানা পাঁচবার ওই কেন্দ্র থেকে সাংসদ হয়েছিলেন তিনি। ১৯৯৯-তে হেরে যান। পরবর্তী সময়ে একাধিকবার রাজ্যসভার সাংসদও হন। অস্কার প্রথম ও দ্বিতীয় ইউপিএ সরকারের সময়ে একাধিকবার বিভিন্ন দপ্তরের মন্ত্রিত্ব সামলেছেন।

**ভারতে ৭৫ কোটি কোভিড টিকাকরণে** শুভেচ্ছা জানাল হু। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মাণ্ডব্যও টুইট করে এই নজির গড়ার সাফল্য তুলে ধরেছেন। যদিও বিশেষজ্ঞরা এই রেকর্ডেও সন্তুষ্ট হতে পারছেন না। কারণ পরিসংখ্যান বলছে, এই গতিতে টিকাকরণ এগোলে ডিসেম্বরের শেষে দেশের প্রাপ্তবয়স্ক জনসংখ্যার মাত্র ৪৩ শতাংশ টিকার সম্পূর্ণ রক্ষাকবচ পাবেন যা কোভিডের পরবর্তী ঢেউ আটকানোর জন্য যথেষ্ট নয়।

## অষ্টাদশী এমা খেতাব জিতলেন যুক্তরাষ্ট্র ওপেনে



**১২ সেপ্টেম্বর:** যুক্তরাষ্ট্র ওপেনে মহিলাদের সিঙ্গলস খেতাব জিতলেন ব্রিটিশ অষ্টাদশী এমা রাদুকানু। ফাইনালে লেইলা ফের্নান্দেসকে ৬-৪, ৬-৩ স্কোরে হারালেন তিনি। কোয়ালিফায়ার খেলে গ্র্যান্ড স্লাম জেতার ব্যাপারে ইতিহাসে তিনিই প্রথম। পুরো টুর্নামেন্ট খেলে কোনও সেট না হেরে চ্যাম্পিয়ন। ১৯৭৭ সালে ভার্জিনিয়া ওয়েডের পর এই প্রথম কোনও ব্রিটিশ মেয়ের গ্র্যান্ড স্লাম খেতাব। রাদুকানুর কৃতিত্বে অভিনন্দন বার্তা পাঠিয়েছেন ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ।



“(কুমিল্লার ঘটনার) সবটাই চক্রান্ত। দেশের উন্নয়নের পথে বাধা হয়ে দাঁড়ানোর একটা অপচেষ্টা চালিয়ে যাচ্ছে একাংশ। যারা জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে পারে না, যাদের কোনও রাজনৈতিক আদর্শ নেই, তারাই এমন ঘটনা ঘটায়। এটা তথ্য-প্রযুক্তির যুগ। হামলায় যারা জড়িত, তাদের ঠিক খুঁজে বার করা হবে।”

শেখ হাসিনা, *বাংলাদেশের প্রধানমন্ত্রী*
বাংলাদেশের কট্টরপন্থীদের একাংশের তাণ্ডবে সে দেশে দুর্গোৎসবের সম্প্রীতি নষ্ট হওয়া প্রসঙ্গে

## সাহিত্য অকাদেমি ফেলো সম্মান পেলেন শীর্ষেন্দু



**১৯ সেপ্টেম্বর:** প্রবীণ সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায় সাহিত্য অকাদেমির ফেলো সম্মানের জন্য নির্বাচিত হলেন। বাংলা সাহিত্যে তাঁর অসাধারণ কৃতিত্বের জন্য এই সম্মান দেওয়া হল। প্রতিবছর সাহিত্য অকাদেমির যে পুরস্কার দেওয়া হয় তার থেকেও বিরল এই সম্মান। অতীতে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, শঙ্খ ঘোষ, নীরেন্দ্রনাথ চক্রবর্তী প্রমুখ বাঙালি কবি-সাহিত্যিকরা এই সম্মান পেয়েছেন। সাহিত্য অকাদেমির ফেলো হিসেবে তাঁকে নির্বাচিত করার জন্য দিল্লির কাছে তাঁর নাম বাংলা থেকেই সুপারিশ করা হয়েছিল বলে জানিয়েছেন সাহিত্য অকাদেমির সদস্য কবি সুবোধ সরকার।

**১৪ সেপ্টেম্বর** দেশজুড়ে হিন্দি ভাষার ব্যবহার বাধ্যতামূলক করার পরিকল্পনা থেকে সরে আসতে হল নরেন্দ্র মোদী সরকারকে। এদিন হিন্দি দিবসে সরকারের নতুন অবস্থান স্পষ্ট করতে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ নিজেদের ভাষাতেই কথা বলতে দেশের নানা ভাষাভাষী মানুষকে আবেদন জানালেন। দিল্লিতে এদিন শাহ বলেন, 'ভারতের অন্য কোনও ভাষার সঙ্গে হিন্দির কোনও প্রতিযোগিতা নেই। হিন্দি আসলে সব ভারতীয় ভাষারই বন্ধু। সহাবস্থানের মাধ্যমেই তার প্রসার সম্ভব।'

**রাজ্য সরকারের সর্বোচ্চ আইনি** পরামর্শদাতা অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত ইস্তফা দিলেন। নতুন অ্যাডভোকেট জেনারেল বা এজি হিসেবে বর্ষীয়ান আইনজীবী সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের নাম ঘোষণা করল রাজ্য সরকার। তিনি তৃণমূল সরকারের সাড়ে দশ বছরের প্রশাসনে পঞ্চম এজি। অটলবিহারী বাজপেয়ী জমানার কেন্দ্রীয় মন্ত্রী ব্যারিস্টার সত্যব্রত মুখোপাধ্যায়ের ছেলে সৌমেন্দ্রনাথও লন্ডনের বার টেম্পল চেম্বার থেকে ব্যারিস্টারি পাশ করেছেন।

**সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন** শ্রীলঙ্কার লাসিথ মালিঙ্গা। ৩০টি টেস্টে ১০১টি উইকেট নিয়েছেন মালিঙ্গা। একদিনের খেলায় ২২৬ ম্যাচে ৩৩৮ উইকেট। জাতীয় দলের হয়ে ৮৪টি টি-টোয়েন্টি ১০৭টি উইকেট পেয়েছেন। ২০১৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে শ্রীলঙ্কার জয় ও আইপিএলে মুম্বইকে চ্যাম্পিয়ন করার পিছনে যথেষ্ট অবদান আছে তাঁর।

**১৫ সেপ্টেম্বর** রাষ্ট্রপুঞ্জের মঞ্চে আবারও কাশ্মীর প্রসঙ্গ তুলে ভারতের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ আনায় পাকিস্তানের কড়া সমালোচনা করল ভারত। জেনেভায় ভারতের প্রতিনিধি পবন বাধ বলেছেন, 'পাকিস্তানের মতো ব্যর্থ রাষ্ট্র, যা সন্ত্রাস, মানবাধিকার লঙ্ঘনের কেন্দ্রবিন্দু—তাদের থেকে কোনও শিক্ষা আমরা চাই না।' ভারতের দাবি, পাকিস্তানই বরাবর সংখ্যালঘু ও মহিলাদের অধিকার রক্ষা করতে ব্যর্থ হয়েছে। সেইসঙ্গে তারা ভারতের বিরুদ্ধে মিথ্যা প্রচারের মঞ্চ হিসেবে রাষ্ট্রপুঞ্জকে ব্যবহার করেছে।

**১৬ সেপ্টেম্বর** গুজরাটের সদ্য-প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপাণীর মন্ত্রিসভার খোলনলচে পাল্টে, নজিরবিহীন ভাবে নতুন ২৪ জন মন্ত্রী এদিন শপথ নিলেন গুজরাটে। তাঁদের ১০ জন ক্যাবিনেট এবং বাকিরা প্রতিমন্ত্রী। মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল-সহ এঁদের কেউই রূপাণী মন্ত্রিসভায় ছিলেন না। গুজরাটে বিজেপির এককালের দুর্ভেদ্য সংগঠনে বর্তমানে গোষ্ঠীদ্বন্দ্ব প্রকট হয়ে উঠেছে। বেনজির ভাবে রূপাণী মন্ত্রিসভাকে একেবারে মুছে দিয়ে নতুন মন্ত্রিসভা গড়া, সেই গোষ্ঠীদ্বন্দ্বে দাঁড়ি টানার প্রয়াস বলে মনে করছেন অনেকেই। তথ্য বলছে গুজরাটে নরেন্দ্র মোদীর এক যুগেরও বেশি মুখ্যমন্ত্রিত্বের পরে যে দু'জন আনন্দীবেন প্যাটেল ও বিজয় রূপাণী মুখ্যমন্ত্রী হয়েছেন তাঁরা কেউই পাঁচ বছরের মেয়াদ পূর্ণ করতে পারলেন না।

## টাইম পত্রিকার ১০০ প্রভাবশালী তালিকায় বাংলার মুখ্যমন্ত্রী



**১৫ সেপ্টেম্বর:** টাইম ম্যাগাজিনের চলতি বছরে বিশ্বের ১০০ প্রভাবশালীর তালিকায় স্থান করে নিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ভারতীয় হিসেবে এই তালিকায় তাঁর সঙ্গেই জায়গা পেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সিরাম ইনস্টিটিউটের সিইও আদর পুনাওয়ালা। তালিকায় আরও রয়েছেন গুগল-এর শীর্ষকর্তা ভারতীয় বংশোদ্ভূত সুন্দর পিচাই, অভিনেতা আয়ুষ্মান খুরানা এবং শাহিন বাগ আন্দোলনের মুখ বিলকিস বেগম। ২০১২ সালেও টাইম ম্যাগাজিনের এই তালিকায় জায়গা পেয়েছিলেন মমতা। 'টাইম' পত্রিকার এই তালিকায় যাঁরা স্থান পেয়েছেন তাঁদের সকলের বর্ণনা দিয়ে একটি করে পরিচ্ছেদ প্রকাশ করা হয়েছে। তৃণমূলনেত্রী সম্পর্কে ব্যাখ্যা করতে গিয়ে টাইম লিখেছে, ২০২১ সালের বিধানসভা নির্বাচনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিস্তারবাদী রাজনীতির বিরুদ্ধে কার্যত একা দুর্গ হয়ে তাঁর উদ্দেশ্যকে রুখে দিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা।

**১৭ সেপ্টেম্বর** লখনউয়ে আয়োজিত জিএসটি কাউন্সিলের ৪৫তম বৈঠকে পেট্রল-ডিজেল-বিমান জ্বালানিকে এখনই জিএসটির আওতায় আনার সিদ্ধান্ত খারিজ হয়ে গেল রাজ্যগুলির তীব্র বিরোধিতায়। এদিন কাউন্সিলের দীর্ঘ বৈঠকের পর কেন্দ্রীয় অর্থমন্ত্রী তথা জিএসটি কাউন্সিলের চেয়ারপার্সন নির্মলা সীতারামন সাংবাদিকদের বলেন, 'রাজ্যগুলি এদিন একযোগে জানিয়েছে, বর্তমান পরিস্থিতিতে রাজস্বের কথা বিচার করে পেট্রল-ডিজেলকে এখনই জিএসটির আওতায় আনা যাবে না।'

**১৮ সেপ্টেম্বর** কেন্দ্রের বিজেপি সরকারের প্রাক্তন প্রতিমন্ত্রী বাবুল সুপ্রিয় তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন। আনুষ্ঠানিক সাংবাদিক বৈঠক না-করে ক্যামাক স্ট্রিটের অফিসে তৃণমূল নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাত থেকে বাবুলের উত্তরীয় পরার ছবি তৃণমূলের তরফে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা হয়। রাজ্যে বিধানসভা নির্বাচনের পর এ পর্যন্ত চারজন বিজেপি বিধায়ক তৃণমূলে যোগ দিয়েছেন। বাবুলের যোগদানের মধ্যে দিয়ে বিজেপির সংসদীয় দলেও এবার ভাঙন ধরল।


**পাঞ্জাবের মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা** দিলেন ক্যাপ্টেন অমরিন্দর সিং। ক্যাপ্টেনকে উপেক্ষা করে নভজ্যোৎ সিং সিধুকে বেশি গুরুত্ব দেওয়া নিয়ে শাসক দলের মধ্যে জটিলতা তৈরি হয়। এদিন ইস্তফা দেওয়ার পর ক্যাপ্টেন জানান চূড়ান্ত অপমানিত হয়েই তাঁর এই পদত্যাগ। পরে সংবাদমাধ্যমে বলেন, 'কংগ্রেস নেতারা মনে করেন, আমার রাজ্য চালানোর ক্ষমতা নেই। এটা আমার পক্ষে অত্যন্ত অপমানজনক। আমার উপর ভরসা নেই যখন, তাহলে যাঁর উপর ভরসা আছে, তাঁকেই মুখ্যমন্ত্রী পদে বসাক হাইকম্যান্ড।'

## টি-টোয়েন্টি নেতৃত্ব ছাড়ার ঘোষণা বিরাটের



**১৬ সেপ্টেম্বর:** টি-টোয়েন্টি নেতৃত্ব ছাড়ার কথা ঘোষণা করলেন বিরাট কোহলি। আরব আমিরশাহিতে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু শিবির থেকে সোশ্যাল মিডিয়ায় ঘোষণা করলেন, টি-টোয়েন্টি বিশ্বকাপের পর এই ফর্ম্যাটে ছাড়বেন ভারতীয় টিমের নেতৃত্ব। বিরাট লিখেছেন শেষ ৮-৯ বছর ধরে তিন ফর্ম্যাটে অস্বাভাবিক ওয়ার্কলোড নিয়েছি এবং ৫-৬ বছর ধরে টানা নেতৃত্ব দিয়েছি। এখন নিজেকে কিছুটা স্পেস দেওয়া দরকার, যাতে টেস্ট ও ওয়ান ডে-তে নেতৃত্ব দিতে পুরো প্রস্তুত থাকতে পারি। এখন টি-টোয়েন্টি ব্যাটসম্যান হিসেবে সেই একই কাজটা চালিয়ে যেতে চাই।

## জকোভিচকে হারিয়ে প্রথম গ্র্যান্ড স্লাম মেদভেদেভের



**১৩ সেপ্টেম্বর:** এ বছরের যুক্তরাষ্ট্র ওপেনে পুরুষদের সিঙ্গলস খেতাব জিতে নিলেন রাশিয়ার দানিল মেদভেদেভ। ব্যর্থ হলেন নোভাক জকোভিচ। একদিকে তাঁর লক্ষ্য ছিল ক্যালেন্ডার স্লাম। অন্যদিকে, ২১ গ্র্যান্ড স্লাম জিতে রজার ফেডেরার ও রাফায়েল নাদালকে পিছনে ফেলা। কোনও লক্ষ্যই পূরণ করতে পারলেন না তিনি। বিশ্বের দু'নম্বর টেনিস তারকা মেদভেদেভ ৬-৪, ৬-৪, ৬-৪ স্কোরে জকোভিচকে হারিয়ে প্রথম গ্র্যান্ড স্লাম জয় করলেন। অন্যদিকে, জকোভিচ আটকে থাকলেন ২০ গ্র্যান্ড স্লাম খেতাবেই। রাশিয়ান ছেলেদের মধ্যে মেদভেদেভ হলেন তৃতীয় গ্র্যান্ড স্লামজয়ী। ইয়েভগেনি কাফেলনিকভ ও মারাট সাফিনের পর গ্র্যান্ড স্লাম জিতলেন তিনি।

# ইন্ডিয়ান অয়েলে ৪৬৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

প্রথম পাতার পর

আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড WRRJ09: ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ)। পোস্ট কোড WRRJ10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ দৈহিক প্রতিবন্ধী)।

**ইস্টার্ন রিজিয়ন পাইপলাইনস: পশ্চিমবঙ্গ:** পোস্ট কোড ERWB01: মেকানিক্যাল: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERWB02: ইলেক্ট্রিক্যাল: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERWB03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERWB06: হিউম্যান রিসোর্স: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। পোস্ট কোড ERWB07: অ্যাকাউন্টস/ফিনান্স: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পোস্ট কোড ERWB09: ডেটা এন্ট্রি অপারেটর: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মোট আসনের মধ্যে ২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**বিহার:** পোস্ট কোড ERBH01: মেকানিক্যাল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERBH02: ইলেক্ট্রিক্যাল: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। পোস্ট কোড ERBH03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERBH06: হিউম্যান রিসোর্স: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। পোস্ট কোড ERBH07: অ্যাকাউন্টস/ফিনান্স: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। পোস্ট কোড ERBH10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ৩টি (সাধারণ ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মোট আসনের মধ্যে ২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**অসম:** পোস্ট কোড ERAS01: মেকানিক্যাল: ৮টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। পোস্ট কোড ERAS02: ইলেক্ট্রিক্যাল: ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERAS03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৮টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERAS06: হিউম্যান রিসোর্স: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। পোস্ট কোড ERBH07: অ্যাকাউন্টস/ফিনান্স: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**উত্তরপ্রদেশ:** পোস্ট কোড ERUP01: মেকানিক্যাল: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড ERUP02: ইলেক্ট্রিক্যাল: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পোস্ট কোড ERUP03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**সাউথ ইস্টার্ন রিজিয়ন পাইপলাইনস: ওড়িশা:** পোস্ট কোড SEOD01: মেকানিক্যাল: ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড SEOD02: ইলেক্ট্রিক্যাল: ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড SEOD03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড SEOD06: হিউম্যান রিসোর্স: ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পোস্ট কোড SEOD07: অ্যাকাউন্টস/ফিনান্স: ২টি (সাধারণ)। পোস্ট কোড SEOD09: ডেটা এন্ট্রি অপারেটর: ২টি (সাধারণ)। পোস্ট কোড SEOD10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ)।

**ছত্তিশগড়:** পোস্ট কোড SECH01: মেকানিক্যাল: ২টি (সাধারণ)। পোস্ট কোড SECH02: ইলেক্ট্রিক্যাল: ২টি (সাধারণ)। পোস্ট কোড SECH03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)।

**ঝাড়খণ্ড:** পোস্ট কোড SEJH01: মেকানিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড SEJH02: ইলেক্ট্রিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড SEJH03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১টি (সাধারণ)।

**নর্দার্ন রিজিয়ন পাইপলাইনস: হরিয়ানা:** পোস্ট কোড NRHR01: মেকানিক্যাল: ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRHR02: ইলেক্ট্রিক্যাল: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRHR03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRHR06: হিউম্যান রিসোর্স: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRHR07: অ্যাকাউন্টস/ফিনান্স: ২টি (সাধারণ ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRHR09: ডেটা এন্ট্রি অপারেটর: ২টি (সাধারণ ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRHR10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। মোট আসনের মধ্যে ২টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**পাঞ্জাব:** পোস্ট কোড NRPB01: মেকানিক্যাল: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRPB02: ইলেক্ট্রিক্যাল: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পোস্ট কোড NRPB03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। মোট আসনের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**দিল্লি:** পোস্ট কোড NRDL01: মেকানিক্যাল: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRDL02: ইলেক্ট্রিক্যাল: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পোস্ট কোড NRDL03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRDL06: হিউম্যান রিসোর্স: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRDL07: অ্যাকাউন্টস/ফিনান্স: ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**উত্তরপ্রদেশ:** পোস্ট কোড NRUP01: মেকানিক্যাল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRUP02: ইলেক্ট্রিক্যাল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRUP03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পোস্ট কোড NRHR09: ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRUP10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ)। মোট আসনের মধ্যে ১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**উত্তরাখণ্ড:** পোস্ট কোড NRUK01: মেকানিক্যাল: ২টি (সাধারণ ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRUK02: ইলেক্ট্রিক্যাল: ২টি (সাধারণ ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড NRUK03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)।

**রাজস্থান:** পোস্ট কোড NRRJ01: মেকানিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRRJ02: ইলেক্ট্রিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRRJ03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১টি (সাধারণ)।

**হিমাচল প্রদেশ:** পোস্ট কোড NRHP01: মেকানিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRHP02: ইলেক্ট্রিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড NRHP03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১টি (সাধারণ)।

**সাদার্ন রিজিয়ন পাইপলাইনস: তামিলনাড়ু:** পোস্ট কোড SRTN01: মেকানিক্যাল: ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড SRTN02: ইলেক্ট্রিক্যাল: ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড SRTN03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পোস্ট কোড SRTN06: হিউম্যান রিসোর্স: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পোস্ট কোড SRTN07: অ্যাকাউন্টস/ফিনান্স: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। এর মধ্যে ১টি আসন দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। পোস্ট কোড SRTN09: ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ)। পোস্ট কোড SRTN10: ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর: ১টি (সাধারণ)।

**কর্নাটক:** পোস্ট কোড SRKA01: মেকানিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড SRKA02: ইলেক্ট্রিক্যাল: ১টি (সাধারণ)। পোস্ট কোড SRKA03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ১টি (সাধারণ)।

**অন্ধ্রপ্রদেশ:** পোস্ট কোড SRAP01: মেকানিক্যাল: ২টি (সাধারণ ১, ও বি সি ১)। পোস্ট কোড SRAP02: ইলেক্ট্রিক্যাল: ২টি (সাধারণ)। পোস্ট কোড SRAP03: টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ২টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল শাখায় টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। এক বছরের আই টি আই-সহ উচ্চমাধ্যমিকের পর ল্যাটেরাল এন্ট্রির মাধ্যমে দু'বছরের ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

ইলেক্ট্রিক্যাল শাখায় টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। এক বছরের আই টি আই-সহ উচ্চমাধ্যমিকের পর ল্যাটেরাল এন্ট্রির মাধ্যমে দু'বছরের ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন শাখায় টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড রেডিও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড প্রোসেস কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটিতে তিন বছরের ডিপ্লোমা। এক বছরের আই টি আই-সহ উচ্চমাধ্যমিকের পর ল্যাটেরাল এন্ট্রির মাধ্যমে দু'বছরের ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য।

হিউম্যান রিসোর্স শাখায় ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক।

অ্যাকাউন্টস শাখায় ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে কমার্সে স্নাতক।

ডেটা এন্ট্রি অপারেটরের ক্ষেত্রে অন্তত উচ্চমাধ্যমিক। স্নাতকরা আবেদন করবেন না।

ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটরের (স্কিল সার্টিফিকেটধারী) ক্ষেত্রে অন্তত উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এক বছরের কম মেয়াদের ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট থাকতে হবে। স্নাতক হলে আবেদন করা যাবে না।


**বয়স:** ১-১০-২০২১ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**ট্রেনিংয়ের মেয়াদ:** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এক বছর এবং ডেটা এন্ট্রি অপারেটর ও ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটরের ক্ষেত্রে ১৫ মাস।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নম্বর ১০০। সময় ২ ঘণ্টা। পরীক্ষার সম্ভাব্য তারিখ ২১ নভেম্বর। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ৭৫ নম্বরের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক এবং ২৫ নম্বরের প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড অ্যান্ড রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড এবং জেনারেল নলেজ বিষয়ে। বাকি পদের ক্ষেত্রে ১০০ নম্বরের প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড অ্যান্ড রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড এবং জেনারেল নলেজ বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://plapps.indianoil.in. অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ অক্টোবর। দু'টি পার্টে রেজিস্ট্রেশন করতে হবে। পার্ট-ওয়ান রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# চার কেন্দ্রীয় বাহিনীতে ২৫২৭১ কনস্টেবল, রাইফেলম্যান

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. The holy book of Parsia is:
(a) The Bible (b) Bhagavad Gita (c) Zend Avesta (d) Guru Granth Sahib
2. Which of the following plants do not contain chlorophyll?
(a) Algae (b) Mosses (c) Ferns (d) Fungi
3. The Nobel Peace Prize is awarded in which city?
(a) Oslo (b) Stockholm (c) The Hague (d) Brussels
4. Which has no blood but still respires?
(a) Hydra (b) Earthworm (c) Fish (d) Cockroach
5. Central Electro-Chemical Research Institute-Situated at:
(a) Tamil Nadu (b) Karnataka (c) Kerala (d) None of these
6. Sardar Sarovar Project belongs to:
(a) Madhya Pradesh (b) Gujarat (c) Andhra Pradesh (d) Uttar Pradesh
7. Defence Service Staff College is situated at:
(a) Kolkata (b) Hyderabad (c) Pune (d) Wellington, Tamil Nadu
8. Which of the following days will be observed as 'Sports day' every year?
(a) August 25 (b) August 19 (c) August 27 (d) August 29
9. India's main Battle Tank (MBT) is called:
(a) Lakshaya (b) Arjuna (c) Sital (d) Bhima
10. Rauf is the folk dance style of:
(a) Jammu and Kashmir (b) Haryana (c) Karnataka (d) None of these
11. Phu Dorjee is associated with the field:
(a) Mountaineering (b) Horse-riding (c) Boxing (d) Tennis
12. Tadoba National Park is situated at:
(a) Maharastra (b) Karnataka (c) Assam (d) Kerala
13. 'Rohinton Baria Trophy' is associated with:
(a) Cricket (b) Billiard (c) Baseball (d) Wrestling
14. Gomti River is associated with:
(a) Sonepur (b) Lucknow (d) Calcutta (d) Cuttack
15. The currency of Argentina is:
(a) Lek (b) Dinar (c) Dollar (d) Peso
16. Who said, 'Man is by nature a political animal?
(a) Plato (b) Churchill (c) Confusions (d) Aristotele
17. The Second Battle of Tarain was held is:
(a) 1193 AD (b) 1191 AD (c) 1192 AD (d) 1190 AD
18. Alexander invades India in:
(a) 302 BC (b) 327 BC (c) 298 BC (d) 303 BC
19. The Mughal dynasty was established in the year:
(a) 1605 AD (b) 1500 AD (c) 1550 AD (d) 1526 AD
20. The Central Fuel Research Institute is in:
(a) Dhanbad (b) Ranigunj (c) Jamshedpur (d) Kolkata
21. Sabarmati originates from:
(a) The Aravallis (b) The Western Ghats (c) The Vindhyas (d) The Satpuras
22. High Court Judges hold office until they attain the age of:
(a) 60 yrs (b) 62 yrs (c) 70 yrs (d) 65 yrs
23. Which among the following became the 25th state of India?
(a) Sikkim (b) Arunachal Pradesh (c) Goa (d) Mizoram
24. National Development Council was set up in:
(a) 1951 (b) 1950 (c) 1952 (d) 1948
25. RBI was set up in:
(a) 1955 (b) 1949 (c) 1935 (d) 1951

**Direction (26 to 28):** *Out of the four alternatives, choose the one which can be substituted for the given word/sentence.*

26. Easy to shape in any desired form:
(a) Ductile (b) Malleable (c) Flexible (d) Plasticine
27. Amount of money demanded by kidnappers:
(a) Donation (b) Honorarium (c) Ramsom (d) Salary
28. A place of good climate for invalids:
(a) Hospital (b) Asylum (c) Sanatorium (d) Retreat

**Direction (29 and 30):** *Four words are given, out of which only one word is correctly spelt. Find the correctly spelt word.*

29. (a) Rihearsel (b) Riharsel (c) Rehearsel (d) Rehearsal
30. (a) Massacar (b) Masacre (c) Messacre (d) Massacre

**Direction (31 to 34):** *Complete sentences by choosing appropriate word from the given options.*

31. I felt as if the ground were ____ beneath my feet.
(a) smasling (b) crumbling (c) slipping (d) sinking
32. Hopes of a settlement depends on the ____ of the discussion.
(a) findings (b) out come (c) resolutions (d) break
33. The flash of the torch ____ a cobra.
(a) displayed (b) disclosed (c) revealed (d) exposed
34. She is ____ of lizards.
(a) fearful (b) frightened (c) afraid (d) terrified

**Direction (35 to 37):** *Select the correct meanings of the idioms underlined below.*

35. My answer to the question was nearly a shot in the dark.
(a) Absolutely correct (b) Right guess (c) Wild guess (d) Wrong assumption
36. His victory in the election is a shot in the arm of the party.
(a) depriving (b) not stimulus (c) encouragement (d) discouragement
37. Man like Vidyasagar are the Salt of the earth.
(a) educated man (b) men who struggle hard (c) ideal man (d) men who are very ordinary

**Direction (38 and 39):** *Replace the underlined words with the most appropriate phrasal verb.*

38. Rabindranath Tagore who got Nobel Prize in 1913 was born in a rich family.
(a) came about (b) came of (c) came across (d) came down
39. Please remove your coat that is quite wet and sit down here.
(a) took down (b) take off (c) put off (d) took out
40. Fill in the blank with an infinitive.
____ you the truth, I dont trust him.
(a) To speak (b) To say (c) To show (d) To tell
41. Grief may be expressed by the following interjections.
(a) Hurrah! (b) Alas! (c) Wow! (d) Bah!
42. Insert proper prepositions in the sentence—
Try ____ avail yourself ____ every opportunity that games your way.
(a) with, on (b) of, with (c) to, of (d) to, about

**Direction (43 to 45):** *In these questions choose the word opposite in meaning to the given word.*

43. Vereran
(a) Activist (b) Enthusiast (c) Novice (d) Master
44. Superfluous
(a) Essential (b) Excess (c) Unwanted (d) Necessary
45. Equilibrium
(a) Work out (b) Disturb (c) Imbalance (d) Unevenness

**Direction (46 and 47):** *In these questions, choose the word similar in meaning to the word given.*

46. Momentous
(a) Important (b) Temporary (c) Fleeting (d) Monumental
47. Infatuation
(a) Emotion (b) Passion (c) Imagination (d) Compassion


**Direction (48 and 49):** *Below are given sentences in active/passive voice. Out of the four alternative suggested, select one which best expresses the same sentence in passive/active voice.*

48. Could you pass the salt?
(a) Could the salt been passed? (b) Could the salt the passed by anyone? (c) Could the salt be past? (d) Could the solt be passed?
49. Look! They have painted the door.
(a) Look! the door is being painted (b) Look! the door had been painted (c) Look! the door has been painted (d) Look! the door was painted
50. John said, 'I shall be 21 tomorrow.'
(a) John said that he would be 21 tomorrow (b) John said that he would be 21 the following day (c) John said that he should be 21 the following day (d) John said that I shall be 21 tomorrow


**Direction (51 to 54):** *Find the missing number.*

51. 


(a) 84 (b) 104 (c) 94 (d) 74

52. 

(a) 8 (b) 9 (c) 6 (d) 7

53. 

(a) 100 (b) 75 (c) 25 (d) 50

54. 

(a) 4 (b) 7 (c) 10 (d) 11

**Ditection (55 to 58):** *Complete the series.*


55. 4, 8, 12, 24, 36, ?
(a) 72 (b) 48 (c) 60 (d) 144
56. 118, 182, 186, 222, ?
(a) 318 (b) 266 (c) 258 (d) 226
57. 2, 7, 27, 107, ?
(a) 327 (b) 427 (c) 227 (d) 127
58. 242, 393, 4164, ?
(a) 5525 (b) 5255 (c) 5235 (d) 5325

**Direction (59 and 60):** *Find the odd word.*

59. (a) ROCKET (b) HELECOPTER (c) AEROPLANE (d) SUBMARINE
60. (a) RIM (b) NOKIA (c) MTS (d) BSNL

**Direction (61 and 62):** *Coding-Decoding.*

61. If E = 5 and HOTEL = 12, how will you code LAMB?
(a) 7 (b) 10 (c) 26 (d) 28
62. If ZEBRA can be written as 2652181, how can COBRA be written?
(a) 302181 (b) 3152181 (c) 31822151 (d) 1182153
63. ___ stt ___ tt ___ tts ___
(a) tsst (b) sstt (c) ttst (d) tsts
64. A is older than B but younger than C. D is younger thain E but older than A. If C is younger than D, Who is the oldest of all?
(a) A (b) C (c) D (d) E
65. A is B's father. C is D's father. E is B's mother. A and D are brothers. How is E related to C?
(a) Sister (b) Sister-in-law (c) Niece (d) Wife
66. If '+' means '−', '−' means '×', '×' means '÷' and '÷' means '+' then 2 ÷ 6 × 6 ÷ 2 = ?
(a) 1 (b) 0 (c) 10 (d) 5
67. M walks 14 metres toward west, then turns to his right and walks 14 metres and then turns to left and walks 10 metres. Again turning to left. M walks M metres. What is the shortest distance (in metres) between the starting point and his present position?
(a) 38 m (b) 28 m (c) 24 m (d) 10 m
68. Which of the following diagrams represents smokers, lawyears, non smokers?



(a) (b) (c) (d)

**Direction:** *From among the given alternatives select the one in which the set of numbers is most like the set of numbers given in the questions.*

69. Given set (3,7,15)
(a) 2, 6, 10 (b) 4, 8, 18 (c) 5, 9, 17 (d) 7, 12, 19

**Direction:** *Arrange the following words according to the dictionary.*

70. 1. Eagle 2. Earth 3. Eager 4. Early 5. Each
(a) 2, 1, 4, 3, 5 (b) 1, 5, 2, 4, 3 (c) 2, 3, 5, 4, 1 (d) 5, 3, 1, 4, 2
71. Which one of the given responses would be a meaningful order of the following?
1. Infant 2. Old 3. Adult 4. Adolescent 5. Child
(a) 5, 4, 3, 2, 1 (b) 3, 4, 2, 1, 5 (c) 1, 5, 4, 3, 2 (d) 2, 3, 4, 5, 1
72. How many triangles are there in the given figure?



(a) 7 (b) 10 (c) 8 (d) 9

**Answer**

1(c), 2(d), 3(a), 4(a), 5(a), 6(b), 7(d), 8(d), 9(b), 10(a), 11(a), 12(a), 13(a), 14(b), 15(d), 16(c), 17(c), 18(b), 19(d), 20(a), 21(a), 22(b), 23(c), 24(c), 25(c), 26(b), 27(c), 28(c), 29(d), 30(d), 31(c), 32(b), 33(c), 34(c), 35(c), 36(c), 37(c), 38(b), 39(b), 40(d), 41(b), 42(c), 43(c), 44(a), 45(c), 46(a), 47(b), 48(d), 49(c), 50(b), 51(a), 52(d), 53(d), 54(c), 55(a), 56(d), 57(b), 58(b), 59(d), 60(b), 61(a), 62(b), 63(a), 64(d), 65(d), 66(d), 67(c), 68(d), 69(c), 70(d), 71(c), 72(b).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ে একগুচ্ছ স্বল্পমেয়াদী কোর্সে ভর্তি

অ্যাপ্লায়েড জি এস টি অ্যান্ড ইনকাম ট্যাক্স, জার্নালিজম, সায়েন্টিফিক রাইটিংস, ফিনান্সিয়াল সার্ভিসেস, ডিজিটাল মার্কেটিং, রাবার কম্পাউন্ডিং, ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ইন্ডাস্ট্রি ম্যানেজমেন্ট, বায়োমেডিক্যাল সায়েন্সেস, যোগা-সহ একগুচ্ছ স্বল্পমেয়াদী কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ এক থেকে আট মাস।

কোর্সের বিবরণ: অ্যাপ্লায়েড জি এস টি অ্যান্ড ইনকাম ট্যাক্স: আসনসংখ্যা ২০টি। শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ বি কম। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ৫০০ টাকা।

সার্টিফিকেট কোর্স ইন কোহা অন ক্লাউড: আসনসংখ্যা ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে ডিগ্রি বা স্নাতকোত্তর ডিগ্রি। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

উইমেন অন্ত্রেপ্রেনরশিপ ডেভেলপমেন্ট থ্রু কম্পিউটার এইডেড অনলাইন বিজনেস: আসনসংখ্যা ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

এনহ্যান্সমেন্ট অব ম্যানেজেরিয়াল স্কিল অব মেম্বার্স অব উইমেন সেল্ফ হেল্প গ্রুপ ক্লাস্টার্স: আসনসংখ্যা ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে নদীয়া জেলার ন্যাশনাল আর্বান লাইভলিহুড মিশন বা ন্যাশনাল রুর‍্যাল লাইভলিহুড মিশনের অন্তর্গত উইমেন সেল্ফ হেল্প গ্রুপের সদস্যা হতে হবে এবং অন্তত ২ বছর সক্রিয়ভাবে গ্রুপের সঙ্গে যুক্ত থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। কোর্সের মেয়াদ: ১ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

যোগা: আসনসংখ্যা ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ: দেড় মাস। কোর্স ফি: ১০০ টাকা।

সোশ্যাল অ্যাওয়ারনেস অ্যান্ড অন্ত্রেপ্রেনরশিপ ডেভেলপমেন্ট: আসনসংখ্যা ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স ফি নেই।

ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ইন্ডাস্ট্রি ম্যানেজমেন্ট: আসনসংখ্যা ১০টি। শিক্ষাগত যোগ্যতা: বি এ বা বি কম। কোর্সের মেয়াদ: ৮ মাস। কোর্স ফি: ৮০০ টাকা।

টেগোর্স লাইফ অ্যান্ড ফিলোজফি: আসনসংখ্যা ২০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর বা অনার্স-সহ স্নাতক। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

জার্নালিজম: আসনসংখ্যা ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ৫০০ টাকা।

ডিজাস্টার ম্যানেজমেন্ট ইউজিং হ্যাম রেডিও: আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি: ৫০০ টাকা।

সায়েন্টিফিক রাইটিং: আসনসংখ্যা ৯০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ ৩ মাস। কোর্স ফি ১,০০০ টাকা।

ফিনান্সিয়াল সার্ভিসেস: আসনসংখ্যা ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

ডিজিটাল মার্কেটিং: আসনসংখ্যা ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

বায়োডাইভার্সিটি ম্যাপিং অ্যান্ড কনজারভেশন: আসনসংখ্যা ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: বটানি বা জুলজি বা বায়োটেকনোলজি বা এনভায়রনমেন্টাল সায়েন্স বা জিওগ্রাফি বা ইকনমিক্সে অনার্স-সহ স্নাতক। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

ফোকলোর, ট্যুরিজম অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট: আসনসংখ্যা ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

মেটিরিয়াল ক্যারেক্টারাইজেশন: আসনসংখ্যা ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: মেটিরিয়াল সায়েন্সে এম টেক অথবা নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। বিষয়গুলি হল: ফিজিক্স, কেমিস্ট্রি, ন্যানোসায়েন্স, মেটিরিয়াল সায়েন্স, মেটালার্জিক্যাল, বায়োলজিক্যাল সায়েন্সেস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ৫০০ টাকা।

রাবার কম্পাউন্ডিং: আসনসংখ্যা ১০টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে এম এসসি। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়াগনসিস: আসনসংখ্যা ১০টি। শিক্ষাগত যোগ্যতা: ফুড অ্যান্ড নিউট্রিশন বা হোম সায়েন্স অ্যান্ড ফিজিওলজিতে অনার্স-সহ বি এসসি। অথবা ফুড অ্যান্ড নিউট্রিশন বা ফিজিওলজি বা জুলজি বা বায়োকেমিস্ট্রি বা বায়োটেকনোলজি বা মাইক্রোবায়োলজি বা বটানি বা এনভায়রনমেন্টাল বায়োলজি বা এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্টে এম এসসি। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

ওয়াটার অ্যান্ড সয়েল কোয়ালিটিজ মনিটরিং অ্যান্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট: আসনসংখ্যা ১০টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি বা এম এসসি। কোর্সের মেয়াদ: ৬ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

অ্যাপ্লিকেশন অব রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেম ইন ন্যাচেরাল রিসোর্স অ্যান্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট: আসনসংখ্যা ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: সায়েন্স গ্র্যাজুয়েট। কোর্সের মেয়াদ: ৪ মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

সার্টিফিকেট ইন ড্রাই ফ্লাওয়ার প্রসেসিং অ্যান্ড ফ্লোরাল ক্রাফটস: আসনসংখ্যা ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ৩ মাস। কোর্স ফি নেই।

ফ্রম অ্যানিম্যাল সেল কালচার টু স্টাডিং জিন এক্সপ্রেশন: আসনসংখ্যা ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্সেস বা ল্যাবরেটরি টেকনিশিয়ান বা লাইফ সায়েন্সের যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত বা স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পাঠরত অথবা ডিগ্রি কলেজের শিক্ষক-শিক্ষিকারা আবেদন করতে পারেন।। কোর্সের মেয়াদ: দেড় মাস। কোর্স ফি: ১,০০০ টাকা।

বায়োমেডিক্যাল সায়েন্সেস: আসনসংখ্যা ১২টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ লাইফ সায়েন্সের যে-কোনও শাখায় এম এসসি। কোর্সের মেয়াদ: দেড় মাস। কোর্স ফি: ৫০০ টাকা।

আবেদনের শেষ তারিখ ২৭ অক্টোবর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: https://www.klyuniv.ac.in

# কেন্দ্রীয় সরকারে চাকরি

বিভিন্ন মন্ত্রকে ৫৪ জন জুনিয়র টাইম স্কেল, সিনিয়র গ্রেড ও ইউথ অফিসার নিয়োগ করবে কেন্দ্রীয় সরকার। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৪/২০২১।

**ভ্যাকেন্সি নম্বর ২১১০১৪০৩৪০৯:** **সিনিয়র গ্রেড:** শূন্যপদ ২০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনে ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিসে। নিয়োগ হবে ভাষাগত যোগ্যতার ভিত্তিতে। বাংলা, ইংরেজি ও হিন্দি ভাষার ক্ষেত্রে শূন্যপদের সংখ্যা যথাক্রমে ২টি, ৬টি ও ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সেই সঙ্গে জার্নালিজম বা মাস কমিউনিকেশনে ডিপ্লোমা বা পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা জার্নালিজম বা মাস কমিউনিকেশনে ডিগ্রি। সব ক্ষেত্রেই মাধ্যমিক স্তর পর্যন্ত সংশ্লিষ্ট ভাষা পড়ে থাকতে হবে। ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে।

**ভ্যাকেন্সি নম্বর ২১১০১৪০৪৪০৯:** **জুনিয়র টাইম স্কেল গ্রেড:** শূন্যপদ ২৯টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকে সেন্ট্রাল লেবার সার্ভিসে। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে সোশ্যাল ওয়ার্ক বা লেবার ওয়েলফেয়ার বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা লেবার ল— যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা। আইনের ডিগ্রিধারী হলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**ভ্যাকেন্সি নম্বর ২১১০১৪০৫৪০৯:** **ইউথ অফিসার:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। নিয়োগ করা হবে কেন্দ্রীয় যুব বিষয়ক এবং ক্রীড়া মন্ত্রকে ন্যাশনাল সার্ভিস স্কিম অর্গানাইজেশনে। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে স্নাতকদের ক্ষেত্রে ৪ বছরের এবং স্নাতকোত্তরদের ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই ২৮-১০-২০২১ তারিখে প্রার্থীদের নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৮ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় নগদে ফি জমা দিতে পারেন।

দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ২৯ অক্টোবর। প্রিন্ট আউটটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in


DNP Ltd.

CIN: U51410AS2007SGC008410

No. RECRUIT/MLM/DNPL/2016/137/PL/I/05

DATE: 06.10.2021

**WALK IN INTERVIEW FOR THE POST OF SR. MANAGER/ CHIEF MANAGER (SERVICES) ON 25.10.2021**

DNP Ltd. is looking for eligible candidate for the post of SR. MANAGER/ CHIEF MANAGER (SERVICES).

For details please visit our website www.dnpl.co.in

Sd/-
Director, DNP Ltd.
Duliajan, Assam


# পূর্ব-মধ্য রেলে ২২০৬ ট্রেড অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

(রেফ্রিজারেশন অ্যান্ড এসি): ২০টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ১৫৮টি। মেকানিক (ডিজেল): ৭৯টি।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন রিপেয়ার ওয়ার্কশপ/হারনট:** ফিটার: ৭৪টি। মেশিনিস্ট: ১২টি। ওয়েল্ডার: ১৬টি। ইলেক্ট্রিশিয়ান: ৮টি।

**মেকানিক্যাল ওয়ার্কশপ/সমস্তিপুর:** ফিটার: ৫৫টি। মেশিনিস্ট: ১১টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৩৫টি। ইলেক্ট্রিশিয়ান: ৯টি।

**সোনপুর ডিভিশন:** ফিটার: ২১টি। ব্ল্যাকস্মিথ: ৫টি। ওয়েল্ডার: ৬টি। কার্পেন্টার: ৬টি। পেইন্টার: ৯টি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ১-১-২০২১ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcecr.gov.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ নভেম্বর।

অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে এই সব নথিপত্র— ✓প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন ফটো (২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে), ✓সই (২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, ✓ট্রেড সার্টিফিকেট, ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ বা সার্ভিং সার্টিফিকেট।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি জমা দিতে পারবেন ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rrcecr.gov.in. প্রয়োজনে যে- কোনও কাজের দিন, সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই হেল্প ডেস্ক নম্বরে: ০৬১২-২২০০০৩৫।

# ভারতীয় নৌবাহিনীতে আরও ৩০০ নাবিক

*প্রথম পাতার পর*

অন্তত ৫ সেমি ফোলাতে পারা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সায়েন্স, ম্যাথমেটিক্স এবং জেনারেল নলেজ বিষয়ে। পরীক্ষার সময়সীমা ৩০ মিনিট। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (ওঠ-বোস) এবং ১০টি পুশ-আপ।

প্রথমে ১২ সপ্তাহের বেসিক ট্রেনিং। ট্রেনিং দেওয়া হবে আই এন এস চিলিকায়। এরপর হবে প্রফেশনাল ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১৪,৬০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে নাবিক পদে। তখন বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা। মাস্টার চিফ পেটি অফিসার-১ পদ পর্যন্ত উন্নতির সুযোগ আছে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in. প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ২৯ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্য[illegible] দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের র[illegible] রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা)-সহ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র, ডোমিসাইল সার্টিফিকেট, এন সি সি সার্টিফিকেট (থাকলে) আপলোড করতে হবে। যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। প্রিন্ট আউট-সহ যাবতীয় নথিপত্রের মূল কপি ইন্টারভিউয়ের সময় সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**SEACOM PHARMACY COLLEGE**

Affiliated to WBSCTE, MAKAUT, Approved by AICTE,PCI

Jaladhulagari, Sankrail, Howrah

**Direct Admission for Limited Seats**

**B.Pharm**

(WBJEE or JEEMAINS Rank Mandatory)

**Call: 7605050242/43**

www.seacompharmacycollege.in

श्यामा प्रसाद मुखर्जी पोर्ट, कोलकाता

Syama Prasad Mookerjee Port, Kolkata

(Formerly KOLKATA PORT TRUST)

**Applications are invited from Indian Nationals employed in Marine Discipline of any Govt./PSUs/Autonomous Bodies for filling up of one post of Manager Marine Operations by DEPUTATION under Haldia Dock Complex, Syama Prasad Mookerjee Port, Kolkata. For eligibility criteria and other details, please log on to SMP-K website at https://smportkolkata.shipping.gov.in. The last date of receiving complete application is November 11, 2021**

**MBBS**

**Ministry Of Health Of Russia**

**SMOLENSK STATE MEDICAL UNIVERSITY, RUSSIA**

**(101 YEARS OLD MEDICAL UNIVERSITY)**

**Invites Indian students for direct Government Admissions**

**Recognized by India, WHO, USA & UK, Min. Qual. 50% in XII in PCB**

**UNIVERSITY** - Founded in 1920, Smolensk city is 380 km west of Moscow, Very high standards of education, strict disciplinary system. **1500** Indian students (**650 Girls**) studying, **167** got degree in **2021**, English Medium in all years, Closed type campus system, **8** attached hospitals (**6000 Beds**). **MCI SCREENING TEST** – Our graduates of **2008** to **2020** have given **BEST** results among graduates of all foreign medical colleges (Official web sites of Indian Embassy, Moscow and National Board of Examination, New Delhi who conducts MCI Screening Test confirm this).

**SPECIAL HOSTELS ONLY FOR INDIAN STUDENTS (BEST HOSTELS IN RUSSIA)** 2 and 4 seated big rooms, separate hostels for boys and girls. **INDIAN MESS** - Mess with Indian food cooked by Indian cooks.

**Fee** (Tuition+Hostel+Med.Ins.) – **USD 6000** (Approx. Rs. 4,50,000/-) per year and one time payment of Rs.1,50,000/- (By Bank Draft only) which includes – Admission procedure, invitation letter, student visa, air ticket Delhi - Moscow.

**Scholarship to all Indian students.**

Bank loans from Indian banks are available.

Contact Foreign advisor to Chancellor: Dr.Alok Aeron+79605805555(Russia)

**Official web site: www.sgmu.info DM us on insta: @sgmu.info**

**Admission details: admission2020.sgmu.live**

**INFORMATION CENTERS (Parents of Students or Our Graduates):**

**DR. BASU - 8100641077**

#EDUCATIONBEYONDORDINARY

30 INSTITUTIONS | 140 PROGRAMMES | 37000+ STUDENTS

JIS GROUP
Educational Initiatives

# STEP OUT INTO THE WORLD
# With WORLD-CLASS EDUCATION

AVAIL WEST BENGAL
## STUDENT CREDIT CARD SCHEME
*For Details Contact Our Institutes*

## ADMISSIONS - OPEN 2021 -

APPLY NOW
www.jisgroup.org

## COURSES OFFERED

**ENGINEERING & TECHNOLOGY**
Ph.D | M.Tech | B.Tech | B.Tech Lateral | Diploma | Diploma Lateral

**COMPUTER APPLICATION**
MCA | BCA

**PHARMACY**
Ph.D | M.Pharm | B.Pharm | B.Pharm Lateral | BMLT | D.Pharm

**MANAGEMENT**
MBA | BBA- Hospital Management | BBA- Digital Marketing

**LAW**
Ph.D | LLM | LLB | BBA-LLB Integrated

**SCIENCE**
Ph.D | M.Sc- Physics | Biochemistry | Microbiology | Biotechnology | Geology | Remote Sensing & GIS | Genetics | Medical Biotechnology & Bioinformatics | Polymer Science & Technology
B.Sc (H)- Biochemistry | Microbiology | Biotechnology | Geology | Genetics

**AGRICULTURAL SCIENCE**
B.Tech (4 Years) | B.Sc (H) (4 Years)
[As per ICAR Syllabus]

**HOSPITALITY & HOTEL ADMINISTRATION**
MBA | B.Sc | BA | Diploma

**EDUCATION**
Ph.D | MA | B.Ed

## OUR INSTITUTIONS

**JIS University**
86977 43361/62 | www.jisuniversity.ac.in

**JIS Institute of Advanced Studies & Research**
98743 75544 | www.jisiasr.org

**JIS College of Engineering**
86977 43363 | www.jiscollege.ac.in

**Narula Institute of Technology**
89024 96651 | www.nit.ac.in

**Guru Nanak Institute of Technology**
94320 12681 | www.gnit.ac.in

**Sur Tech** *(Dr. Sudhir Chandra Sur Institute of Technology & Sports Complex)*
890249 6652 | www.surtech.edu.in

**Guru Nanak Institute of Pharmaceutical Science & Technology**
89024 96653 | www.gnipst.ac.in

**JIS School of Polytechnic**
82407 66831 | www.jissp.ac.in

**Guru Nanak Institute of Hotel Management**
98361 06964 | www.gnihm.ac.in

**Greater Kolkata College of Engineering and Management (JV)**
90736 83914/15 | www.gkcem.ac.in

**Abacus Institute of Engineering and Management (JV)**
90736 83913 | www.abacusinstitute.org

**Asansol Engineering College (JV)**
90736 83912 | www.aecwb.edu.in

**Gargi Memorial Institute of Technology. (JV)**
83369 42309 | www.gmitkolkata.org

up to 100%* SCHOLARSHIP AVAILABLE
*T&C Apply

89% Placement in 2020

267+ Recruiters

HELPDESK
86977 43361
90736 83911

7 Sarat Bose Road, Kolkata - 700 020

বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in